দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 AUG 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# শিক্ষার বিনিময়ে খাদ্য ঃ ১ লাখ টন গম বরাদ্দ

চলতি বছর শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে স্কুলগামী গরীব ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণের জন্য ১ লাখ টন গম বরাদ্দ করা হইয়াছে। এ লক্ষ্যে জাতীয়

(৬ষ্ঠ পৃ: ১-এর ক: দ্র:)

## শিক্ষার বিনিময়ে খাদ্য

( ১ম পৃ: পর )

অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) এক সভায় গতকাল ৭২ কোটি টাকার একটি প্রকল্প অনুমোদিত হয়। অর্থমন্ত্রী এম সাইফুর রহমান বৈঠকে সভাপতিত্ব করেন।

এ প্রকল্পের আওতায় দেশের ৬১টি জেলার ৪৩৫টি থানার ৩৭০৩টি প্রাথমিক বিদ্যালয়ের মোট পাঁচ লাখ পঞ্চান্ন হাজার গরীব শিশু উপকৃত হইবে। যে সকল শিশু বিদ্যালয়ের মোট কর্ম-দিবসের কমপক্ষে ৮৫ দিন বিদ্যালয়ে উপস্থিত থাকিবে তাহারা প্রত্যেকে প্রতিমাসে ১৫ কেজি করিয়া গম পাইবে তবে পরিবার পিছু সর্বাধিক ৩০ কেজি গম দেওয়া হইবে।

একনেকের বৈঠকে ১৯৯৪ সালের জুন মাসের মধ্যে বৃহত্তর নোয়াখালী ও চট্টগ্রাম জেলার ২২টি থানায় স্কুল কাম দুর্যোগ আশ্রয় কেন্দ্রের জন্য মোট ৩৩৩টি বহুমুখী ভবন নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়। ১৭৭ কোটি টাকা সৌদী অনুদানসহ মোট ১৮০ কোটি টাকা ব্যয়ে এ সকল ত্রিতল ভবনে একটি মসজিদ ও একটি ক্লিনিক স্থাপন করা হইবে।

একনেক অনুমোদিত আরেকটি প্রকল্পের অধীনে জাপানের সহায়তায় ১৫ কোটি টাকা ব্যয়ে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরের টার্মিনাল ভবনের জন্য ৪টি বোর্ডিং ব্রীজ নির্মাণ করা হইবে। আগামী ডিসেম্বরে এ প্রকল্পের কাজ শেষ হইলে টার্মিনাল ভবন হইতে বিমানে সরাসরি আরোহণ এবং অবতরণের এ সুবিধা যাত্রীদের জন্য উন্মুক্ত করা হইবে। —তথ্য বিবরণী